



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং-ক/অ/৪১৬/১

তারিখ:

প্রেরক : কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

প্রাপক : অধ্যক্ষ

বাংলাদেশ নৌবাহিনী স্কুল এন্ড কলেজ, খুলনা।
ডাকঃ নাবিক কলোনী গোয়ালখালী জেলা- খুলনা।

বিষয় : ব্যবসায় শিক্ষা বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে, ফিন্যান্স ব্যাংকিং ও বিমা এবং মানবিক বিভাগে আবশ্যিক বিষয় হিসাবে সমাজ কর্ম বিষয় খোলার অনুমতি প্রদান প্রসঙ্গে।

সূত্র: ক) অধ্যক্ষ মহোদয়ের ২২-০৪-২০১৪ তারিখের আবেদন।
খ) NCTB কর্তৃক প্রণীত সংশোধিত বিষয়কাঠামো সম্পর্কিত নির্দেশাবলি।

জনাব,

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে কর্তৃপক্ষের নির্দেশক্রমে আপনার কলেজে নিম্ন বর্ণিত শর্তাদি পূরণ সাপেক্ষে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষ হতে সম্পূর্ণ সাময়িক ভিত্তিতে ০১ (এক) বছরের জন্য ব্যবসায় শিক্ষা বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে ফিন্যান্স ব্যাংকিং ও বিমা এবং ২০১৪-১৫ শিক্ষাবর্ষ হতে মানবিক বিভাগে আবশ্যিক বিষয় হিসেবে সমাজ কর্ম বিষয় খোলার ও পাঠদানের অনুমতি প্রদান করা হল।

শর্তাদি:

- ১। ফিন্যান্স, ব্যাংকিং ও বিমা বিষয়ে পাঠদানের জন্য ফিন্যান্স অথবা ব্যাংকিং এন্ড ইন্সুরেন্স বিষয়ে দ্বিতীয়ার্থী শিক্ষক নিয়োগ দিতে হবে।
- ২। পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত স্ব-অর্থায়নে NTRCA সনদধারী শিক্ষক ও মহিলা কোর্টার শর্ত পূরণ করতে হবে।
- ৩। কাম্য সংখ্যক শিক্ষার্থী ভর্তি করতে হবে ও পরীক্ষার ফলাফল সন্তোষজনক হতে হবে।
- ৪। পরীক্ষার পূর্বেই পরীক্ষার বিশেষ অনুমতি ফি ১০০০/- টাকা জমা করে পরীক্ষার বিশেষ অনুমতি নিতে হবে।
- ৫। গ্রন্থাগারের জন্য বাংলা একাডেমি কর্তৃক প্রকাশিত অভিধানসমূহ সহ কৃতি লেখকদের পাঠ সহায়ক বই ক্রয় করতে হবে।
- ৬। বোর্ডের সকল তথ্য বোর্ডের ওয়েব সাইট হতে সংগ্রহ করতে হবে।

স্বাক্ষর:-

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

ফোন নং-০৪২১-৬৮৬০৮

স্মারক নং-ক/অ/৪১৬/১ ১২৬৪(৫)৪

তারিখ: ২০/৬/১৪

সদয় অনুমোদন ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল।

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহা-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)।
- ৫। সংরক্ষণ নথি।

স্বাক্ষর:-
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর।

২০/৬/১৪